



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল  
(www.barisalboard.gov.bd)

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০১৭/১৮১২

তারিখঃ ২৫ অগ্রহায়ন, ১৪২৪ বঙ্গাব্দ  
১০ ডিসেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৮ সালের এসএসসি পরীক্ষার হাজিরাশিট, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বিতরণ।


উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানাচ্ছি যে, ২০১৮ সালের এসএসসি পরীক্ষার হাজিরাশিট, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল নিম্নবর্ণিত তারিখে প্রশাসন শাখা হতে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট কেন্দ্রসচিব অথবা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ) মালামাল গ্রহণ করতে পারবে। হাজিরাশিট ও অন্যান্য মালামাল গ্রহণ করার সময় সেগুলোর সংখ্যা ও হিসাব ভালো করে বুঝে নিতে হবে। পরবর্তী সময়ে সংখ্যাগত কোনো ভুল হলে সেজন্য গ্রহণকারী দায়ী থাকবেন।

বিতরণের সময়সূচিঃ

ক্রঃ নং	জেলার নাম	বিতরণের তারিখ	সময়
১।	পটুয়াখালী, বরগুনা ও ঝালকাঠি	২১/০১/২০১৮	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
২।	ভোলা ও পিরোজপুর	২২/০১/২০১৮	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
৩।	বরিশাল	২৩/০১/২০১৮	সকাল ১০টা থেকে বিকাল ৩টা

বিঃ দ্রঃ ২০১৮ সালের এসএসসি পরীক্ষার প্রবেশপত্র মালামাল বিতরণের সাথে দেয়া হবে। প্রবেশপত্রে কোন ভুল থাকলে সংশোধনের জন্য রেজিস্ট্রেশন কার্ডসহ আগামী ২৮/০১/২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বা তাঁর প্রতিনিধিকে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। উক্ত তারিখের মধ্যে সংশোধন না করলে পরীক্ষা শেষ হওয়ার দিন পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা হারে জরিমানা প্রদানপূর্বক সংশোধন করা যাবে।

উল্লেখ্য পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে পরীক্ষার হাজিরাশিট, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বোর্ডে নিয়ে আসতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে প্রতিদিনের জন্য ২০০/- (দুইশত) টাকা হারে জরিমানা বোর্ডের এসটিডি হিসাবে জমা দিতে হবে।

  
২০.১২.১৭  
✓ পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল  
টেলিফোন : ০৪৩১-৬৪০৮৫

কেন্দ্রসচিব

বরিশাল শিক্ষাবোর্ডের অন্তর্ভুক্ত সকল এসএসসি পরীক্ষাকেন্দ্র-২০১৮